দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃঃ ৩ কলাম ৩

# ঢাকা ভার্সিটির ওয়েব সাইট বন্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ রহস্যজনক কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটটি দীর্ঘদিন যাবৎ বন্ধ হয়ে রয়েছে। ১লা অক্টোবরের নির্বাচনে ক্ষমতা পরিবর্তনের পর পরই ওয়েব সাইটটি বন্ধ করে দেয়া হয়। উক্ত

(১৪শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(৩য় পৃঃ পর)

সাইটটিতে সাবেক প্রধানমন্ত্রী, প্রেসিডেন্ট, ভিসি এবং প্রো-ভিসির ছবি ছিল বলে জানা যায়। হঠাৎ করে ওয়েব সাইটটি বন্ধ হয়ে যাওয়াতে বিভিন্ন মহলে নানা ধরনের প্রশ্নের সৃষ্টি হয়। জানা যায়, নতুন সরকারের প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী এবং বর্তমান ভিসি ও প্রো-ভিসির ছবি ওয়েব সাইটে অন্তর্ভুক্তকরণের জন্য সাইটটি বর্তমানে বন্ধ রয়েছে। বন্ধ হয়ে যাওয়া ওয়েব সাইটটিতে ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কে তেমন কোন তথ্য ছিল না। কয়েকটি হলের নাম, বিভাগের নাম, প্রধানমন্ত্রী, প্রেসিডেন্ট, ভিসি, প্রো-ভিসির ছবি, কার্জন হলের ছবি, জাতীয় পতাকার ছবি ছিল। নতুন ওয়েব সাইটটি কবে নাগাদ চালু করা হবে এ ব্যাপারে কেউ কিছু বলতে পারছেন না। এ বিষয়ে দায়িত্বরত কর্মকর্তা ডঃ এ কে এম ফজলুল আলম বলেন, ওয়েব সাইট তৈরীর কোন ভাল বিশেষজ্ঞ আমাদের নেই। আমি নিজেই সব করি। এছাড়া নতুন ভিসি, প্রো-ভিসি আসায় তাদের ছবি এখনও সংগ্রহ করা সম্ভব হয়নি।